

## বানারীপাড়ায় বন্দর মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পিইসি পরীক্ষার ফলাফলে বিপর্যয়!

■ বানারীপাড়া (বরিশাল) সংবাদদাতা  
বানারীপাড়ায় জাতীয় শ্রেষ্ঠ পুরস্কারপ্রাপ্ত বন্দর মডেল  
সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পিইসি পরীক্ষার ফলাফলে  
বিপর্যয় নেমে এসেছে।  
এ বছর এ বিদ্যালয় থেকে মাত্র ১০ জন শিক্ষার্থী  
জিপিএ-৫ পেয়েছে। অথচ গত বছর ২০১৬ সালে ৪৬ জন,  
২০১৫ সালে ৫৭ জন, ২০১৪ সালে ৪২ জন, ২০১৩ সালে  
৪৬ জন, ২০১২ সালে ৪০ জন ও ২০১১ সালে ৩৬ জন  
শিক্ষার্থী জিপিএ-৫ পেয়েছিল।

জিপিএ-৫ ও বৃত্তিতে দীর্ঘ ৬ বছরের ধারাবাহিক  
সফলতার পরে এবছর ফলাফল বিপর্যয়ে অভিভাবকরা  
ক্ষোভ প্রকাশ করেছেন। বিদ্যালয়ের প্রধান শিক্ষক সেলিনা  
বেগম জানান, পরীক্ষায় অতিরিক্ত কড়া কড়ির কারণে এ ফল

বিপর্যয় হয়েছে। তার এ দাবী মানতে নারাজ অভিভাবকরা।  
তাদের অভিযোগ গত ৬ মাসে বিদ্যালয়ের শিক্ষা ব্যবস্থা  
অনেকটা ভেঙ্গে পড়ে। এর আগে পরিচালনা পর্ষদের  
উদ্যোগে শিক্ষার মানোন্নয়নে নিয়মিত যা ও অভিভাবক  
সমাবেশ অনুষ্ঠিত হতো। শিক্ষার্থীদের নিয়েও সমাবেশ করা  
হতো। ওই সমাবেশ থেকে শিক্ষার্থীদের বিদ্যালয়ে নিয়মিত  
উপস্থিতি, বাসা ও বিদ্যালয়ে পাঠগ্রহণে মনযোগী করে  
তুলতে শিক্ষার্থী ও অভিভাবকদের মাঝে সচেতনতা সৃষ্টি  
করে বিভিন্ন দিক-নির্দেশনা দেওয়া হতো। শিক্ষকরা যাতে  
আন্তরিকভাবে পাঠদান করেন সে ব্যাপারটিও পরিচালনা  
পর্ষদ মনিটরিং করতো। কিন্তু গত জুন মাসে পূর্বের কমিটির  
মেয়াদ শেষ হয়ে যাওয়ার পর থেকে বিদ্যালয়ের শিক্ষা  
ব্যবস্থা মুখ ধুবরে পড়ে।